গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www. kaliganj.lalmonirhat.gov.bd

# কালীগঞ্জ উপজেলা পরিষদের মে/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভা নম্বর : ০৯
সভাপতি : মোছাঃ জাকিয়া সুলতানা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২৮/০৫/২০২৫ খ্রিঃ
সভার সময় : বেলা- ১২.০০ ঘটিকা।
উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, উপজেলা পরিষদ :** উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সভাপতি সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান এবং প্রশাসক হিসেবে উপজেলা পরিষদের ন্যস্ত সকল কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, তন্মধ্যে কর্মরত পদ ০৯টি ও শুন্য পদ ২০টি। নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি, তন্মধ্যে কর্মরত পদ ৩৮টি ও শুন্য পদ ০১টি। বহিঃবিভাগে রোগীর সংখ্যা- ৩৮২৩ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা- ২৪৪০ জন,অন্তঃ বিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা- ৮৮০ জন।মোট রোগীর সংখ্যা- ৭১৪৩ জন। আলট্রাসনোগ্রাম-নেই, ই,সি,জি সেবা প্রদান- ৫৩ জন। প্যাথলজিক্যাল পরীক্ষা- ৫১৭ জন, স্বাভাবিক প্রসব সেবা- ৩৩ জন, সিজারিয়ান সংখ্যা-নেই, এক্স-রে পরীক্ষা- ২৪৯ জন,মেজর সার্জারী রোগীর সংখ্যা-নেই, মাইনর সার্জারী সংখ্যা- ৩৫৫ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। | ২.১ উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। **(১) স্থায়ী পদ্ধতি :** ক) পুরুষ/ মহিলা- নেই, **(২) দীর্ঘমেয়াদী পদ্ধতি** ক) আইইউডি- ০২ জন, খ) ইমপ্লান্ট- ৯৬ জন **(৩) অস্থায়ী পদ্ধতি :** ক) খাবার বড়ি সুখী বিতরণ- ২০৪৯ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ০৪ সাইকেল, গ) কনডম- ৫০১৮ পিস, ঘ) ইনজেকটেবল্স- ১১৯৭ ভায়েল। **(৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম :-** ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১৬৫২ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ২১০৪ জন, গ) নরমাল ডেলিভারী- ১৮৮ জন, ঘ) সিজারিয়ান- ৮২ জন, **(৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম : মোট সক্ষম দম্পতি :** ৫৫,৫৫৫ জন, **(৬) মোট পদ্ধতি গ্রহণকারী :** ৪৩,৯০১ জন, **(৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) :** ৭৯.০২%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ৩.১ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পঃপঃ অফিসার, কালীগঞ্জ লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি অফসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, এ উপজেলায় ১৩০৭০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছিল তন্মধ্যে ১৩০৭০ হেক্টর জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে এবং বোরো ধান উৎপাদন হয়েছে ৮৮৯১৫ মে. টন। হাইব্রিড জাত ও উচ্চ ফলনশীল জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে। বর্তমান সরকারের পরিকল্পনা হলো কোন পরিস্থিতিতেই ধানের আবাদ কমানো যাবে না। সরকারের মহৎ উদ্যোগে প্রণোদনা কর্মসূচির মাধ্যমে উন্নত উচ্চ ফলনশীল জাতের ধানের বীজ ও সার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে সরবরাহ করা হয়েছে। যা উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি ২০২৪-২৫ অর্থ বছরে উফশী ১৭৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। ধানের জমিতে যাতে শাক-সবজি আবাদের আওতায় না আসে এ অনাবাদি পতিত জমিতে আবাদ কার জন্য গত বছর ৩২৪টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ৪.১ কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, অত্র উপজেলায় কোরবানী যোগ্য পশুর চাহিদার অতিরিক্ত পরিমানে রয়েছে। কোরবানী উপলক্ষ্যে পশুর হাটে "ভেটেরিনারি মেডিকেল টিম" অবস্থান করবে এবং প্রয়োজনীয় সেবা প্রদান করবেন। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.১ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমান সময়কালে চায়না দুয়ারী জাল, টেপাই জাল ও ম্যাজিক জাল ইত্যাদি অবৈধ জাল দিয়ে উপজেলার বিভিন্ন জলাশয়ে ছোট ছোট মাছ নিধন করা হচ্ছে মর্মে অবৈধ জাল স্থাপন না করার জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলার ০৮টি ইউনিয়নে মাইকিং এর মাধ্যমে প্রচার-প্রচারণা, লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। চলতি মাসে চাপারহাট এর টেপুর বাজার সংলগ্ন সতি নদীতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং শিয়ালখোওয়া হাট-বাজারে লিফলেট বিতরণ করা হয়েছে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৬.১ উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৭ | **উপজেলা প্রকৌশলীর বিভাগ :**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৭.১ সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ৩০ শে জুন ২০২৫ এর মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ বিধি মোতাবেক সমাপ্ত করণের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ১ম প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা আগামী ০৫/০৫/২০২৫ খ্রিঃ থেকে শুরু হবে। সাব ক্লাস্টার | ৮.১ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | প্রশিক্ষণ ২২/০৪/২০২৫ খ্রিঃ হতে শুরু হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমানে তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, **ভিডব্লিউবি কার্যক্রম ঃ** ২০২৫-২০২৬ অর্থ বছরের ভিডব্লিউবি চক্রের ০৮টি ইউনিয়নের আওতায় বরাদ্দকৃত ২১৩৬ জন উপকারভোগী নির্বাচনের ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পন্ন হয়েছে। **মা ও শিশু সহায়তা কার্যক্রম ঃ** ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রতি ইউনিয়ন এর অনুকূলে মাসে ০৯ জন করে ৪ মাসে ২৮৮ জন ভাতাভোগীর ডাটা এন্ট্রি অনুমোদন সম্পন্ন হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরের জুন/২০২৫ মাসে মোট ভাতাভোগীর সংখ্যা ৮৬৪জন। **(০৩) প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি) ঃ** ২০২৪-২০২৫ অর্থ বৎসরের ভিডব্লিউবি প্রশিক্ষণ কার্যক্রম চলমান। **মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মে/২০২৫ মাসে ঋণের কিস্তি বাবদ ৩৫৮২/- টাকা আদায় হয়েছে। এপ্রিল/২০২৫ মাসে ব্যাংক স্থিতির পরিমাণ ৬৬,৩২৯/- টাকা। স্থিতি ঠে- ৬,৪৮,৩৯০/- টাকা মেয়াদ উর্ত্তীণ (খেলাপী) ৪,৯৪,২৯৬/৩৯ টাকা অনাদায়ী। **কিশোর-কিশোরী ক্লাব ঃ জানুয়ারি ২০২৫** হতে জুন ২০২৫ পর্যন্ত ০৬+ মাসের জন্য ০৮টি ইউনিয়নের অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জন হিসেবে সর্বমোট ২৪০ জন কে সংগীত ও আবৃত্তি শিক্ষা প্রদান করা হচ্ছে এবং ক্লাস শেষে ছাত্র/ছাত্রীদের মাঝে আয়কর এবং ভ্যাটসহ ৩০ টাকার নাস্তা, ৩০ জনের মাঝে প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থা ঃ** ২০২৪-২০২৫ অর্থ বছরের সমিতি/সংস্থার কার্যক্রম চলমান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১০.১ উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল ও করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :**<br>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১১.১ উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২ | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, নতুন প্রতিবন্ধী ভাতার আবেদন গত ২৫/০৪/২০২৫ ইং তারিখ পর্যন্ত জমা হয়েছে। উপস্থিত জনপ্রতিনিধিদের ইউনিয়ন পরিষদের মাধ্যমে এই বিষয়ে আন্তরিক সহযোগিতার জন্য অনুরোধ করা করেন। এছাড়া অত্র দফতরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১২.১ উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) :**<br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় কিস্তির বরাদ্দের প্রকল্পের কাজ প্রায় ৮৫% সমাপ্ত হয়েছে এবং ৩য় কিস্তির বরাদ্দের প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছর গ্রামীণ রাস্তায় ১৫ মিটার পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের এ উপজেলায় ০৭টি ব্রীজ এর মধ্যে ০৬টি ব্রীজ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং ০১টি ব্রীজের কাজ চলমান রয়েছে। | ১৩.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৪ | **উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১৪.১ উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান রয়েছে। প্রশিক্ষণ প্রদান (পুরুষ ৫০৫১ জন ও মহিলা ৩৯৯১ জন) | ১৫.১ উপজেলা যুব উন্নয়ন অফিসের ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কালীগঞ্জ উপজেলায় ৯৬টি নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়াও ১৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-তল/একতলা ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১৬.১ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৭ | **বন বিভাগ:**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১৭.১ উপজেলা বনায়ন ও নার্সারী বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার করার জন্য বলা হলো। | ফরেস্টার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৮ | **বিবিধ আলোচনা :**<br>(ক) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, উপজেলা পরিষদে একটি শিশু পার্ক রয়েছে। শিশু পার্কটি নতুন করে মেরামতের জন্য এডিপি হতে বরাদ্দ নেয়া হয়েছে। শিশু পার্কটির ভিতরে কিছু ঝুঁকিপূর্ণ গাছ রয়েছে। গাছগুলো অপসারণ করা দরকার। এ বিষয়ে সকলের মতামত কামনা করেন।<br><br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার কালীগঞ্জ, লালমনিরহাট, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা- ১০০০ (বীজ বিতরণ বিভাগ) কার্যালয়ের স্মারক নং ১২.০৬.০০০০.২৭৫.৯৯.২৫১.২৩-১৪৭৪, তারিখ ঃ ১৩/০৫/২০২৫ পরিপত্রটি পাঠ করে শোনান। তিনি বলেন যে, উপপরিচালক (বীবি), বিএডিসি, রংপুর দপ্তরের উপজেলা বীজ বিক্রয় কেন্দ্রের অফিস ও গুদামসমূহ এর ব্যবহার অযোগ্য/কনডেম ঘোষণার প্রশাসনিক অনুমোদন দিয়েছেন। সে প্রেক্ষিতে উপজেলা বীজ বিক্রয় কেন্দ্রের নতুন অফিস ও গুদাম নির্মাণের লক্ষ্যে পুরাতন বীজ গুদামটি পুরাতন মালামাল এর প্রাক্কলন প্রস্তুত করে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকল সদস্যর মতামত কামনা করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের শিশু পার্কটি মেরামত এর নিমিত্ত ঝুঁকিপূর্ণ গাছগুলো অপসারণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং উপজেলা বন কর্মকর্তা সরকারি মূল্য ও পরিমাপ নির্ধারণ করত: বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অপসারণ যোগ্য গাছ নির্ধারণ করে নতুন করে চারা গাছ রোপন বিষয়ক সভায় সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে কালীগঞ্জ উপজেলাধীন বীজ বিক্রয় কেন্দ্রের নতুন অফিস ও গুদাম নির্মাণের লক্ষ্যে পুরাতন বীজ গুদামটি কনডেম ঘোষণার প্রশাসনিক অনুমোদন থাকায় উপজেলা প্রকৌশলী কর্তৃক পুরাতন ভবনটির মালামালের পরিমাপ ও সরকারি মূল্য নির্ধারনী প্রাক্কলন প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয় এবং পুরাতন মালামাল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন। সভায় কাজটি বিধি মোতাবেক বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এবং উপজেলা বন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এবং উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট |

CS CamScanner

| | | |
|---|---|---|
| (গ) সভায় আলোচনাকালে সভাপতি জানানযে, ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের প্রবেশগেট নির্মাণ প্রকল্পের ৫% জামানতফেরত পাওয়ার জন্য সংশ্লিষ্ট ঠিকাদার জনাব আবুল এন্ড ব্রাদার্স,মেন বাজার লালমনিরহাট- ১,০৬,৫৯৫/- টাকার জন্য আবেদন করেছেন। এবং উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরেরহোল্ডিং কর পরিশোধের জন্য ৩নং তুষভান্ডার ইউনিয়ন হতে জনাবমোঃ হাবিবুল্লাহ বাহার (প্যানেলচেয়ারম্যান-১) আবেদন করেছেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিলগুলো পরিশোধের জন্য সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। | (গ-১) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের প্রবেশ গেট এর জামানত ১,০৬,৫৯৫/- (একলক্ষ ছয় হাজার পাঁচশত পঁচানব্বই) টাকার সংশ্লিষ্ট ঠিকাদারকে বিধিমোতাবেকফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ-২) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরেরহোল্ডিং কর ৫৯,৬৯১/- (উনষাট হাজার ছয়শত একানব্বই) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (গ-১) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।<br>(গ-২) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (ঘ) সভায় আলোচনাকালে সভাপতি আরও জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫ (থ) অনুচ্ছেদের উল্লেখিত নির্দেশনা মোতাবেক অত্র উপজেলায় জনাব মানিক চন্দ্র রায় (৩০), পিতা: অমরেন্দ্র নাথ রায়, গ্রাম: পাটিকাপাড়া, ডাকঘর: চাপারহাট, উপজেলা:কালীগঞ্জ, জেলা: লালমনিরহাট-কে ৩০/০৯/২০১৫ খ্রিঃ তারিখে মাসিক সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে রাজস্ব তহবিলের অর্থায়নে মালী পদে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়। তার চাকুরী কাল সন্তোষজনক না হওয়ায় এবং চেক জালিয়াতি, উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর স্ক্যান করে রাখা এবং ব্যাংক হতে গোপনে অর্থ উত্তোলন করা। যা চাকুরীর আচরণ বিধি লঙ্ঘন। এপ্রেক্ষিতে উপজেলা পরিষদের সকল সদস্য মতামত এর ভিত্তিতে তাকে চাকুরী থেকে অব্যাহতি দেয়া যেতে পারে এবং বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে চাকুরীর বিধিমালা মোতাবেক চেক জালিয়াতি, অর্থ আত্মসার্থ ও স্বাক্ষর স্ক্যান করে নিজের নিকট সংরক্ষণ করে রাখা যা দৈনিক মজুরী ভিত্তিতে চাকুরীর শর্তাবলী ভংগো হয়েছে। তাকে চাকুরী হতে অব্যাহতির প্রদানের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার-কে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট মানিক চন্দ্র রায়ের অব্যাহতি পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (ঙ) চেয়ারম্যান, চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ জানান যে, আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ডিজেপার্টি বেশি হয়। মাদক, জুয়া খেলার প্রবোণতা বেশি দেখা দেয়। এ বিষয়ে আইন শৃংখলা বাহিনীর তদারকি আরও জোড় দার করার জন্য অনুরোধ করেন। | (ঙ) সভায় বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদুল আযহা-২০২৫ উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর ও ইউনিয়ন পর্যায়ে জনগুরুত্বপূর্ণ স্থানে সেনা বাহিনীর টহলটিম ও এবং পুলিশ বাহিনীর টহল আরও জোড়দার করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (চ) সভায় আলোচনাকালে জানা যায় (১) জনাব মোঃ সাইফুজ্জামান, পিতামৃত- আব্দুল গফুর, মৌজা- শ্রুতিধর, ইউনিয়ন-ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাট (২) জনাব মোঃ আব্দুল লতিফ, পিতা মোঃ- নুর ইসলাম, সাং কাঞ্চনশ্বর, ইউনিয়ন- তুষভান্ডার, কালীগঞ্জ, লালমনিরহাট এবং (৩) জনাব মোঃ আব্দুর রাজ্জাক আল মামুন, পিতামৃত- ছকমল হোসেন, মৌজা- শাখাতি, ইউনিয়ন- মদাতী, কালীগঞ্জ, লালমনিরহাট গণের ২য় তলা বাসার নকশা অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্লান ও নকশা প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে লিখিত আবেদন করেছেন। উপজেলা পরিষদের সভায় অনুমোদন প্রয়োজন মর্মে সকল সদস্যর মতামত কামনা করেন। | (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য ব্যক্তিগণের প্লান ও নকশা প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নকশা অনুমোদনের জন্য সকল সদস্য একমতপোষণ করেন এবং উপজেলা পরিষদ হতে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (চ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৫/২০২৫

(মোছা: জাকিয়া সুলতানা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট
মোবাইল নং ০১৭৩৩-৩০০২১৩।

২৮/৫/২৫

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www. kaliganj.lalmonirhat.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৫- ৭১১ (৮০)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২
২৮ মে ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৬। উপজেলা ........................................................................ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ............................................................(সকল) ইউ.পি, কালীগঞ্জ, লালমনিরহাট।

২৮/৫/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।

২৮/৫/২৫

CamScanner

## পরিশিষ্ট-ক

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ | |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১ | চেয়ারম্যান, ১নং ভোটমারী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ২ | চেয়ারম্যান, ২নং মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ৩ | প্যানেল চেয়ারম্যান, ৩নং তুষভান্ডার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৪ | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ৪ | চেয়ারম্যান, ৪ নং দলগ্রাম ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ৫ | চেয়ারম্যান, ৫নং চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ৬ | প্যানেল চেয়ারম্যান, ৬নংগোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৭ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), কালীগঞ্জ, লালমনিরহাট | ৭ | প্যানেল চেয়ারম্যান, ৭নং চলবলা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ৮ | প্যানেল চেয়ারম্যান, ৮নং কাকিনা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৪ | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৭ | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র কালীগঞ্জ | | |

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ | |
|---|---|---|---|
| ১ | | ১ | |

CamScanner